

প্রফেসর এমাজউদ্দিন আহমদের মৃত্যুতে আইআইইউসি ভিসির শোক প্রকাশ

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন রাষ্ট্রবিজ্ঞানী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর, বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর এমাজউদ্দিন আহমদের মৃত্যুতে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর ভাইস চ্যান্সেলর প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দীন গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোক বিবৃতিতে ভাইস চ্যান্সেলর প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দীন বলেন, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে তাঁর গবেষণা, প্রজ্ঞা এবং সর্বোপরি একাডেমিক অবদান ছাত্র সমাজকে আলোকিত করেছে। শোক বার্তায় তিনি আরও বলেন, তাঁর রাজনৈতিক ও একাডেমিক প্রজ্ঞা, দূরদর্শিতা দেশের গণতান্ত্রিক সংস্কৃতিকে সমৃদ্ধ করেছে। দেশের বিভিন্ন ঐতিহাসিক অগণতান্ত্রিক পরিস্থিতি মোকাবেলায় এবং দেশের গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠায় প্রফেসর এমাজউদ্দিন আহমদের নিষ্ঠা, আন্তর্দিকতা ও অকুতোভয় মনোভাব বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে বলে তিনি উল্লেখ করেন। আইআইইউসি'র ৩য় সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা এবং ইন্টারন্যাশনাল কনফারেন্সে প্রধান অতিথি হিসাবে প্রফেসর এমাজউদ্দিন আহমদের উপস্থিত থাকার কথা আইআইইউসি ভিসি কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। তিনি বিশ্ববিদ্যালয় পর্যায়ে একজন খ্যাতিমান শিক্ষক ছিলেন উল্লেখ করে প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দীন বলেন, তাঁর মৃত্যুতে দেশ একজন নিষ্ঠাবান শিক্ষাবিদ ও পণ্ডিত ব্যক্তিত্বকে হারালো যা জাতির জন্য অপূরণীয় ক্ষতি।

প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দীন মহান আল্লাহর কাছে প্রার্থনা করে বলেন, আল্লাহ যেন পরকালে প্রফেসর এমাজউদ্দিন আহমদকে তাঁর সৎকর্মের উত্তম প্রতিদান দেন এবং জান্নাতবাসী করেন। শোক বিবৃতিতে তিনি মরহুমের রুহের মাহফেরাত কামনা এবং তাঁর শোক সন্তুষ্টি পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন।